







# ভাঙার গান



কাজি নজরুল ইসলাম

ন্যাশনাল বুক এজেন্সী লিমিটেড

১২ বঙ্কিম চ্যাটার্জি স্ট্রীট :: কলিকাতা ১২

প্রথম মুদ্রণ—১৩৩১, শ্রাবণ

দ্বিতীয় মুদ্রণ—১২৪৯

দাম এক টাকা

জ্ঞানমাল বুক এজেন্সী লিমিটেড, ১২ বঙ্কিম চ্যাটার্জি স্ট্রীট, কলিকাতা ১২  
থেকে হরেন দত্ত কর্তৃক প্রকাশিত ও সখা প্রেস, ৩৪ মুসলমানগাড়া সেন  
থেকে অনিলকুমার সেন কর্তৃক মুদ্রিত

মেদিনীপুরবাসীর উদ্দেশে

## প্রকাশকের কথা

‘ভাঙার গান’ প্রথম সংস্করণ সে-যুগে  
বের হবার সঙ্গে সঙ্গেই বৃটিশ সরকারের  
রোষে পড়ে। তার ফলে দীর্ঘদিন তার  
প্রকাশ ও প্রচার বন্ধ ছিল। এই  
গ্রন্থভুক্ত কবিতাগুলি তাই অনেকেরই  
হাতে গিয়ে পৌঁছায়নি। আমরা সাগ্রহে  
তাই তার দ্বিতীয় সংস্করণ প্রকাশ  
করলাম। বিদ্রোহী কবি নজরুলের  
কবিতা সম্বন্ধে নতুন করে আমাদের  
আর পরিচয় দেওয়ার কিছু নেই।

## ভাঙার গান

( গান )

( ১ )

কারার ঐ লোহ-কবাট

ভেঙে ফেল, কর্বে লোপাট

রক্ত-জমাট

শিকল-পূজোর পাষণ-বেদী

ওরে ও তরুণ ঈশান !

বাজা তোর প্রলয়-বিষাণ !

ধ্বংস-নিশান

উড়ুক প্রাচীর প্রাচীর ভেদি' !



## ভাঙায় গাব

(২)

গাজনের বাজনা বাজা !  
কে মালিক ? কে সে রাজা ?  
কে ছায় সাজা

মুক্ত স্বাধীন সত্যকে রে ?  
হাহাহা পায় যে হাসি,  
ভগবান পরবে ফাঁসি ?  
সর্বনাশী

শিখায় এ হীন তথ্য কে রে ?

(৩)

ওরে ও পাগুলা ভোলা  
দে রে দে প্রলয়-দোলা  
গারদ গুলা

জোরসে ধ'রে হেঁচকা টানে !  
মার হাঁক হৈদরী হাঁক,  
কাঁধে নে ছন্দুভি ঢাক,  
ডাক্ ওরে ডাক্  
মৃত্যুকে ডাক্ জীবন পানে !

(৪)

নাচে ঐ কাল-বোশেখী,  
কাটাবি কাল ব'সে কি ?  
দে রে দেখি

ভীম কারার ঐ ভিত্তি নাড়ি' !  
লাথি মার, ভাঙ্রে তাল !  
যত সব বন্দী-শালায়—  
আগুন জ্বালা,  
আগুন জ্বালা, ফেল্ উপাড়ি' !

## জাগরণী

( গান )

কোরাস্ :—

ভিক্ষা দাও ! ভিক্ষা দাও !

ফিরে চাও ওগো পুরবাসী,

সন্তান দ্বারে উপবাসী

দাও মানবতা ভিক্ষা দাও !

জাগো গো,                      জাগো গো,

তন্দ্রা-অলস জাগো গো,

জাগো রে !

জাগো রে !!

## ভাঙার গান

(১)

মুক্ত করিতে বন্দিনী মা'য়  
কোটি বীরস্মৃত ঐ হের ধায়  
মৃত্যু-তোরণ-দ্বার-পানে—  
কার টানে ?  
দ্বার খোলো      দ্বার খোলো !  
একবার ভুলে ফিরিয়া চাও !

কোরাস্ :—ভিক্ষা দাও .....

(২)

জননী আমার ফিরিয়া চাও !  
ভাইরা আমার ফিরিয়া চাও !  
চাই মানবতা, তাই দ্বারে  
কর হানি মা গো বারে বারে—  
দাও মানবতা ভিক্ষা দাও !  
পুরুষ-সিংহ জাগো রে !  
সত্যমানব জাগো রে !  
বাধা-বন্ধন-ভয়-হারা হও  
সত্য-মুক্তি-মন্ত্র গাও !

কোরাস্ :—ভিক্ষা দাও .....

(৩)

লক্ষ্য যাদের উৎপীড়ন আর অত্যাচার  
নর-নারায়ণে হানে পদাঘাত  
জেনেছে সত্য-হত্যা সার !  
অত্যাচার ! অত্যাচার !!

## ভাঙার গান

ত্রিশ কোটি নর-আত্মার যারা অপমান হেলা  
করেছে রে

শৃঙ্খল গলে দিয়েছে মা'র—  
সেই আজ ভগবান তোমার !

অত্যাচার ! অত্যাচার !!

ছি-ছি-ছি ছি-ছি-ছি নাই কি লাজ—  
নাই কি আত্মসম্মান ওরে, নাই জাগ্রত  
ভগবান্ কিরে

আমাদেরো এই বক্ষমাঝ ?

অপমান বড় অপমান ভাই  
মিথ্যার যদি মহিমা গাও !

কোরাস্ :—ভিক্ষা দাও .....

( ৪ )

আল্লায় ওরে হক্‌তা'লায়  
পায়ে ঠেলে যারা অবহেলায়,  
আজাদ মুক্ত আত্মারে যারা শিখায়ে ভীরুতা  
করেছে দাস—

সেই আজ ভগবান তোমার !

সে'ই আজ ভগবান তোমার !

সর্বনাশ ! সর্বনাশ !

ছি-ছি নিজ্জীব পুরবাসী আর খুলো না দ্বার !

জননী গো ! জননী গো !

কার তরে জ্বাল উৎসব-দীপ ?

দীপ নেবাও ! দীপ নেবাও !!

মঙ্গল-ঘট ভেঙে ফেল,

সব গেল মা গো সব গেল !

## ভাঙার গান

অন্ধকার ! অন্ধকার !  
ঢাকুক এ মুখ অন্ধকার !  
দীপ নেবাও ! দীপ নেবাও !  
কোরাস :—ভিক্ষা দাও .....

( ৫ )

ছিছিছিছি  
একি দেখি  
গাহিস তাদেরি বন্দনা-গান,  
দাস সম নিস্ হাত পেতে দান !  
ছি-ছি-ছি ছি-ছি-ছি ওরে তরুণ ওরে অরুণ !  
নরসুত তুমি, দাসত্বের এ ঘণ্য চিহ্ন  
মুছিয়া দাও !  
ভাঙিয়া দাও, এ-কারা এ-বেড়ী ভাঙিয়া দাও !  
কোরাস :—ভিক্ষা দাও .....

( ৬ )

পরার্থীন ব'লে নাই তোমাদের  
সত্য তেজের নিষ্ঠা কি ?  
অপমান স'য়ে মুখ পেতে নেবে বিষ্ঠা ছি !  
মরি লাজে, লাজে মরি  
এক হাতে তোরে 'পয়জার' মারে  
আর হাতে ক্ষীর সর ধরি' !

অপমান সে যে অপমান !  
জাগো জাগো ওরে হতমান !  
কেটে ফেল লোভী লুক্ক রসনা,  
আধারে এ হীন মুখ লুকাও !  
কোরাস্ :—ভিক্ষা দাও .....

( ১ )

ঘরের বাহির হ'য়ে না আর,  
ঝেড়ে ফেল হীন বোঝার ভার,  
কাপুরুষ হীন মানবের মুখ ঢাকুক  
লজ্জা অন্ধকার !  
পরিহাস ভাই পরিহাস সে যে,  
পরাজিতে দিতে মনোব্যথা—যদি  
জয়ী আসে রাজ-রাজ সেজে !  
পরিহাস এ যে নির্দয় পরিহাস !  
ওরে কোথা যাস্  
বল্ কোথা যাস্ ছি ছি  
পরিয়। ভীকর দীন বাস ?  
অপমান এত সহিবার আগে  
হে ক্লীব হে জড় মরিয়। যাও !

কোরাস্ :—ভিক্ষা দাও .....

( ৮ )

পুরুষ-সিংহ জাগো রে !  
নির্ভীক বীর জাগো রে !  
দীপ জ্বালি' কেন আপনারি হীন কালো অন্তর  
কালামুখ হেন হেসে দেখাও !

## ভাঙার গান

নির্লজ্জ রে ফিরিয়া চাও !  
আপনার পানে ফিরিয়া চাও !  
অঙ্ককার ! অঙ্ককার !  
নিশ্বাস আজি বন্ধ মা'র  
অপমানে নির্শ্মম লাজে,  
তাই দিকে দিকে ক্রন্দন বাজে,—  
দীপ নেবাও ! দীপ নেবাও !  
আপনার পানে ফিরিয়া চাও  
কোরাস্ :—ভিক্ষা দাও .....

★

## ✓ মিলন গান

( গান )

ভাই হ'য়ে ভাই চিন্‌বি আবার গাইব কি আর এমন গান !

• ( সেদিন ) ছয়ার ভেঙে আস্বে জোয়ার মরা গাঙে ডাকবে বান ॥

( তোরা ) স্বার্থ-পিশাচ যেমন কুকুর তেমনি মুণ্ডুর পাস্ রে মান ।

( তাই ) কল্‌জে চুঁয়ে গল্‌ছে রক্ত দল্‌ছে পায়ে ডল্‌ছে কান ॥

• ( যত ) মাদী তোরা বাঁদী-বাচ্চা দাস-মহলের খাস গোলাম ।

( হায় ) মাকে খুঁজিস্ ? চাকরানী সে, জেলখানাতে ভান্‌ছে ধান ॥

( মা'র ) বন্ধ ঘরে কেঁদে কেঁদে অন্ধ হ'ল দুই নয়ান ।

• ( তোরা ) শুনতে পেয়েও শুলি নে তা' মাতৃহস্তা কুসস্তান ॥



## ভাণ্ডার গান

- ( ওরে ) তোরা করিস লাঠালাঠি ( আর ) সিঙ্কু-ডাকাত লুঠছে ধান ।  
( তাই ) গোবর-গাদা মাথায় তোদের কাঁঠাল ভেঙে খায় শেয়ান ॥  
( ছিলি ) সিংহ ব্যাজ্র, হিংসায়ুদ্ধে আজকে এমনি ক্ষিন্নপ্রাণ ।  
( তোদের ) মুখের গ্রাস ঐ গিলছে শিয়াল তোমরা শুয়ে নিচ্ছ জ্বাণ ॥  
( তোরা ) কলুর বলদ টানিস্ ঘানি গলদ কোথায় নাইকো জ্ঞান ।  
( শুধু ) প'ড়ছ কেতাব, নিচ্ছ খেতাব, নিমক-হারাম বে-ইমান ॥  
( তোরা ) বাঁদর ডেকে মান্‌লি সালিশ ভাইকে দিতে ফাটল প্রাণ !  
( এখন ) সালিশ নিজেই 'খা ডালা সব' বোকা তোদের এই দেখান ॥  
( তোরা ) পেটের-কুকুর ছ'কান-কাটা মান অপমান নাইকো জ্ঞান ।  
( তাই ) যে জুতোতে মারছে গুঁতো করছো তাতেই তৈল দান ॥  
( তোরা ) নাক কেটে নিজ পরের যাত্রা ভঙ্গ করিস বুদ্ধিমান ।  
( তোদের ) কে যে ভাল কে যে মন্দ সব শিয়ালই এক সমান ॥  
( শুনি ) আপন ভিটেয় কুকুর রাজা, তার চেয়েও হীন তোদের প্রাণ ।  
( তাই ) তোদের দেশ এই হিন্দুস্থানে নাই তোদেরই বিন্দু স্থান ॥  
(তোদের) হাড় খেয়েছে, মাস খেয়েছে (এখন) চামড়াতে দেয় হেঁচকা টান।  
( আজ ) বিশ্ব ভুবন ডুকরে ওঠে দেখে তোদের অসম্মান ॥  
( আজ ) সাথে ভারত-বিধাতা কি চোখ বেঁধে ঐ মুখ লুকান ।  
( তোরা ) বিশ্বে যে তাঁর রাখিস্ নে ঠাই কাণা গরুর ভিন্ বাথান ॥  
( তোরা ) করলি কেবল অহরহ নীচ কলহের গরল পান ।  
( আজো ) বুঝলি না হায় নাড়ী-হেঁড়া মায়ের পেটের ভায়ের টান ।  
( ঐ ) বিশ্ব ছিঁড়ে আনতে পারি, পাই যদি ভাই তোদের প্রাণ ॥  
( তোরা ) মেঘ বাদলের বজ্রবিষাণ (আর) ঝড়-তুফানের লাল নিশান ॥

★

## পূৰ্ণ-অভিবন্ধন

( গান )\*

এস অষ্টমী-পূৰ্ণচন্দ্র ! এস পূৰ্ণিমা-পূৰ্ণচাঁদ !  
ভেদ কৰি' পুনঃ বন্ধ কাৱাৰ অন্ধকাৱেৰ পাৰাণ-ফাঁদ !  
এস অনাগত নব-প্ৰলয়ৰ মহাসেনাপতি মহামহিম !  
এস অক্ষত মোহাঙ্ক-ধ্বতৱাষ্ট্ৰ-মুক্ত লোহ-ভীম !  
স্বাগত ফৰিদপুৰেৰ ফৰিদ, মাদাৱীপুৰেৰ মৰ্দবীৰ,  
বাঙলা মায়েৰ বৃকেৰ মাণিক, মিলন পদ্মা-ভাগীৰথীৰ !

ছয়বাৰ জয় কৰি কাৱা-ব্যুহ ৰাজ-ৰাজ-গ্ৰাস-মুক্ত চাঁদ !  
আসিলে চৰণে তুলায়ে সাগৰ নয়-বছৰেৰ-মুক্ত-বাঁধ ।

---

\* মাদাৱীপুৰ শাস্তি-সেনা-বাহিনীৰ প্ৰধান অধ্যক্ষ শ্ৰীযুক্ত পূৰ্ণচন্দ্র দাস  
মহাশয়েৰ কাৱামুক্তি উপলক্ষে ৰচিত ।

## ভাঙার গান

নবগ্রহ ছিঁড়ি ফণী-মনসার মুকুটে তোমার গাঁথিলে হার,  
উদিলে দশম মহাজ্যোতিষ্ক ভেদিয়া গভীর অন্ধকার !  
স্বাগত ফরিদপুরের ফরিদ, মাদারীপুরের মর্দবীর,  
বাঙলা মায়ের বুকের মাণিক, মিলন পদ্মা-ভাগীরথীর !

স্বাগত শুদ্ধ রুদ্ধ-প্রতাপ, প্রবুদ্ধ নব মহাবলী !  
দম্ভুজ-দমন দধীচি-অস্থি, বহ্নিগর্ভ দস্তোলাী !  
স্বাগত সিংহ-বাহিনী-কুমার ! স্বাগত হে দেব-সেনাপতি !  
অনাগত রণ-কুরুক্ষেত্রে সারথি-পার্থ-মহারথী !  
স্বাগত ফরিদপুরের ফরিদ, মাদারীপুরের মর্দবীর,  
বাঙলা মায়ের বুকের মাণিক, মিলন পদ্মা-ভাগীরথীর !

নৃশংস রাজ-কংস-বংশে হানিতে তোমার ধ্বংস-মার  
এস অষ্টমী-পূর্ণচন্দ্র, ভাঙিয়া পাষণ-দৈত্যাগার !  
এস অশাস্তি-অগ্নিকাণ্ডে শাস্তিসেনার কাণ্ডারী !  
নারায়ণী-সেনা-সেনাধিপ, এস প্রতাপের হারা-তরবারি !  
স্বাগত ফরিদপুরের ফরিদ, মাদারীপুরের মর্দবীর,  
বাঙলা মায়ের বুকের মাণিক, মিলন পদ্মা-ভাগীরথীর !

ওগো অতীতের আজো-ধুমায়িত আগ্নেয়গিরি ধূত্রশিখ !  
না-আসা-দিনের অতিথি তরুণ তব পানে চেয়ে নির্ণিমিখ ।  
জয় বাঙলার পূর্ণচন্দ্র, জয় জয় আদি-অস্তুরীণ,  
জয় যুগে-যুগে-আসা-সেনাপতি, জয় প্রাণ আদি-অস্তহীন !  
স্বাগত ফরিদপুরের ফরিদ, মাদারীপুরের মর্দবীর,  
বাঙলা মায়ের বুকের মাণিক, মিলন পদ্মা-ভাগীরথীর !

## ভাঙার গান

স্বর্গ হইতে জননী তোমার পেতেছেন নামি' মাটিতে কোল,  
শ্রামল শশ্বে হরিত ধাশ্বে বিছানো তাঁহারই শ্রাম অঁচোল,  
তাঁহারি স্নেহের করুণ গন্ধ নবান্নে ভরি উঠিছে ঐ,  
নদীশ্রোত-স্বরে কাঁদিছেন মাতা “কইরে আমার ছলল কই ?”  
স্বাগত ফরিদপুরের ফরিদ, মাদারীপুরের মর্দবীর,  
বাঙলা মায়ের বুকের মাণিক, মিলন পদ্মা-ভাগীরথীর !

মোছ আঁখি-জল, এস বীর ! আজ খুঁজে নিতে হবে আপন মায়,  
হারানো মায়ের স্মৃতি-ছাই আছে এই মাটিতেই মিশিয়া হায় !  
তেত্রিশ কোটি ছেলের রক্তে মিশেছে মায়ের ভস্ম-শেষ,  
ইহাদেরই মাঝে কাঁদিছেন মাতা, তাই আমাদের মা স্বদেশ ।  
স্বাগত ফরিদপুরের ফরিদ, মাদারীপুরের মর্দবীর,  
বাঙলা মায়ের বুকের মাণিক, মিলন পদ্মা-ভাগীরথীর !

এস বীর ! এস যুগ-সেনাপতি ! সেনাদল তব চায় হুকুম,  
হাঁকিছে প্রলয়, কাঁপিছে ধরণী, উদগারে গিরি অগ্নি-ধুম ।  
পরোধীন এই তেত্রিশ কোটি বন্দীর আঁখি-জলে হে বীর,  
বন্দিনী মাতা যাচিছে শক্তি তোমার অভয় তরবারীর ।  
স্বাগত ফরিদপুরের ফরিদ, মাদারীপুরের মর্দবীর,  
বাঙলা মায়ের বুকের মাণিক, মিলন পদ্মা-ভাগীরথীর !

গল-শৃঙ্খল টুটেনি আজিও, করিতে পারি না প্রণাম পা'য়,  
রুদ্ধ কর্ণে ফরিয়াদ শুধু গুমরিয়া মরে গুরু ব্যথায় ।  
জননীর যবে মিলিবে আদেশ, মুক্ত সেনানী দিবে হুকুম,  
শত্রু-খড়্গ-ছিন্ন-মুণ্ড দানিবে ও-পায়ে প্রণাম-চুম ।  
স্বাগত ফরিদপুরের ফরিদ, মাদারীপুরের মর্দবীর,  
বাঙলা মায়ের বুকের মাণিক, মিলন পদ্মা-ভাগীরথীর ।

✓  
ঝোড়ো গাব  
(কীৰ্ত্তন)

(আমি) চাইনে হ'তে ভ্যাবাগঙ্গারাম  
ও দাদা শ্যাম !

তাই গান গাই আর যাই নেচে যাই  
ঝম্ঝমাঝম্ অবিশ্রাম ॥

আমি সাইক্লোন্ আর তুফান

আমি দামোদরের বান

খোশখেয়ালে উড়াই ঢাকা, ডুবাই বর্ধমান ।

আর শিব-ঠাকুরকে কাঠি ক'রে বাজাই ব্রহ্মা-বিষ্ণু-ড্রাম ॥”

## মোহান্তের মোহ-অন্তের গান

( গান )

জাগো আজ দণ্ড-হাতে চণ্ড বঙ্গবাসী ।

ডুবালো পাপ-চণ্ডাল তোদের বাঙলা দেশের কাশী ।

জাগো বঙ্গবাসী ॥

তোরা হত্যা দিতিসু ঝাঁর থানে, আজ সেই দেবতাই কেঁদে

ওরে তোদের দ্বারেই হত্যা দিয়ে মাগেন সহায় আপ্নি আসি' ।

জাগো বঙ্গবাসী ॥

মোহের যার নাইক অন্ত

পূজারী সেই মোহান্ত,

মা বোনে সৰ্ব্বস্বান্ত করছে বেদী-মূলে ।

## ভাঙার গান

তোদেরে পূজার প্রসাদ ব'লে খাওয়ায় পাপ-পূজ সে গুলে ।  
তোরা তীর্থে গিয়ে দেখে আসিস পাপ ব্যভিচার রাশি রাশি ।  
জাগো বঙ্গবাসী ॥

পুণ্যের ব্যবসাদারী  
চালায় সব এই ব্যাপারী,  
জমাচ্ছে হাঁড়ি হাঁড়ি টাকার কাঁড়ি ঘরে ।  
হায় ছাই মেখে যে ভিখারী শিব বেড়ান ভিক্ষা ক'রে—  
ওরে তাঁর পূজারী দিনের দিনে ফুলে হচ্ছে খোদার খাসী ।  
জাগো বঙ্গবাসী ॥

এইসব ধর্ম-ঘাগী  
দেবতায় করছে দাগী,  
মুখে কয় সর্বব্যাগী ভোগ-নরকে ব'সে ।  
সে যে পাপের ঘণ্টা বাজায় পাপী দেব-দেউলে প'শে ।  
আর ভক্ত তোরা পূজিস্ তারেই, যোগাস্ খোরাক সেবা-দাসী ।  
জাগো বঙ্গবাসী ॥

দিয়ে নিজ রক্ত-বিন্দু  
ভরালি পাপের সিন্দু—  
ডুব'লি তায় ডুব'লি হিন্দু ডুবালি দেব'তারে ।  
ছাখ্ ভোগের বিষ্ঠা পুড়'ছে তোদের বেদীর ধূপাধারে ।  
পূজারীর কমণ্ডলুর গঙ্গা-জলে মদের ফেনা উঠ'ছে ভাসি' ।  
জাগো বঙ্গবাসী ॥

## • ভাঙার গান

দিতে যায় পূজা আরতি  
সতীত্ব হারায় সতী,  
পুণ্য-খাতায় ক্ষতি লেখায় ভক্তি দিয়ে,  
তার ভোগ-মহলের জ্বলছে প্রদীপ তোদের পুণ্য-ঘিয়ে ।  
তোদের ফাঁকা ভক্তির ভণ্ডামীতে মহাদেব আজ ঘোড়ার ঘাসী ।  
জাগো বঙ্গবাসী ॥

তোরা সব ভক্তিশালী  
বুকে নয়, মুখে খালি ।  
বেরালকে বাহুতে দিলি মাছের কাঁটা যে রে ।  
তোরা পূজারীকে করিস পূজা পূজার ঠাকুর ছেড়ে ।  
মার্ব অশুর শোধ্রা সে ভুল আদেশ দেন মা সর্বনাশী ।  
“জয় তারকেশ্বর” বলে পরবি রে নয় গলায় কাঁসি ।  
জাগো বঙ্গবাসী ॥



## ✓ আশু-প্রয়াণ গীতি

কোরাস্ :

বাঙলার'শের' বাঙলার শির

বাঙলার বাণী বাঙলার বীর

সহসা ও-পারে অস্তমান

এপারে দাঁড়ায়ে দেখিল ভারত মহা-ভারতের মহাপ্রয়াণ ॥

বাঙলার ঋষি বাঙলার জ্ঞান বঙ্গবাণীর শ্বেতকমল

শ্যাম বাঙলার বিদ্যা-গঙ্গা অবিদ্যা-নাশী তীর্থ-জল

মহামহিমার বিরাট পুরুষ শক্তি-ইন্দ্র তেজ-তপন—

রক্ত-উদয় হেরিতে সহসা হেরিলু সে রবি মেঘ-মগন ।

## ভাঙার গান

কোরাস :      বাঙলার 'শের' বাঙলার শির  
                     বাঙলার বাণী বাঙলার বীর

সহসা ও-পারে অস্তমান ।

এপারে দাঁড়ায়ে দেখিল ভারত মহা-ভারতের মহাপ্রয়াণ ॥

মদ-গব্বার গব্ব'-খব্ব' বল-দর্পার দর্প-নাশ  
শ্বেত-ভীতুদের শ্যাম বরাভয় রক্তাসুরের কৃষ্ণ ত্রাস ।  
নব ভারতের নব আশা-রবি প্রাচীর উদার অভ্যুদয়  
হেরিতে হেরিতে হেরিছে সহসা বিদায়-গোধূলি গগনময় ।

কোরাস :      বাঙলার 'শের' বাঙলার শির  
                     বাঙলার বাণী বাঙলার বীর

সহসা ও-পারে অস্তমান ।

এপারে দাঁড়ায়ে দেখিল ভারত মহা-ভারতের মহাপ্রয়াণ ॥

পড়িল ধসিয়া গৌরীশঙ্কর হিমালয়-শির স্বর্গচূড়  
গিরি কাঞ্চন-জঙ্ঘা গিরিল—বাঙলার যবে দিনছপুর ।  
শক্তি-হাঙর শোষিছে রক্ত, মৃত্যু শোষিছে সাগর-প্রাণ,  
পরাধীনা মা'র স্বাধীন স্তনের মেদ-ধূমে কালো দেশ-শাসন ।

কোরাস :      বাঙলার 'শের' বাঙলার শির  
                     বাঙলার বাণী বাঙলার বীর

সহসা ও-পারে অস্তমান ।

এপারে দাঁড়ায়ে দেখিল ভারত মহা-ভারতের মহাপ্রয়াণ ॥



## দুঃশাসনের রক্ত-পাণ

বল রে বগ্ন হিংস্র বীর,  
হুঃশাসনের চাই রুধির ।  
চাই রুধির রক্ত চাই  
ঘোষো দিকে দিকে এই কথাই  
হুঃশাসনের রক্ত চাই !  
হুঃশাসনের রক্ত চাই !!

অত্যাচারী সে হুঃশাসন  
চাই খুন তার চাই শাসন,

## ভাঙার গান

হাঁটু গেড়ে তার বুকে বসি'  
ঘাড় ভেঙে তার খুন শোধি ।  
আয় ভীম আয় হিংস্র বীর  
করু আ-কণ্ঠ পান রুধির ।  
ওরে এ যে সেই ছুঃশাসন  
দিল শত বীরে নিৰ্ব্বাসন,  
কচি শিশু বেঁধে বেত্রাঘাত  
করেছে রে এই ক্রুর স্যাঙাত ।  
মা বোনেদের হরেছে লাজ  
দিনের আলোকে এই পিশাচ ।  
বুক ফেটে চোখে জল আসে,  
তারে ক্ষমা করা ? ভীরুতা সে !  
হিংসালী মোরা মাংসালী,  
ভগুমী ভালবাসাবাসি !  
শত্রুরে পেলে নিকটে ভাই  
কাঁচা কলিজাটা চিবিয়ে খাই !  
মারি লাথি তার মড়া মুখে  
তাতা-ঠে নাচি ভীম সুখে ।

নহি মোরা ভীরু সংসারী  
বাঁধি না আমরা ঘরবাড়ী ।  
দিয়াছি তোদের ঘরের সুখ,  
আঘাতের তরে মোদের বুক ।  
যাহাদের তরে মোরা চাঁড়াল  
তাহারাই আজি পাড়িছে গা'ল !  
তাহাদের তরে সঙ্ঘা-দীপ,  
আমাদের আন্দামান দ্বীপ !

তাহাদের তরে প্রিয়ার বুক,  
আমাদের তরে ভীম চাবুক ।  
তাহাদের ভালোবাসাবাসি,  
আমাদের তরে নীল ফাঁসি ।  
বরিছে তাদের বাজিয়া শাঁখ,  
মোদের মরণে নিনাদে ঢাক ।  
জীবনের ভোগ শুধু ওদের,  
তরুণ বয়সে মরা মোদের ।  
কার তরে ওরে কার তরে  
সৈনিক মোরা পচি ম'রে ?  
কার তরে পশু সেজেছি আজ,  
অকাতরে বুক পেতে নি' বাজ ।  
ধর্শ্বাধর্শ্ব কেন যে নাই  
আমাদের, তাহা কে বোঝে ভাই ?  
কেন বিদ্রোহী সব-কিছুর ?  
সব মায়া কেন করেছি দূর ?  
কারে ক'স মন সে ব্যথা তোর ?  
যার তরে চুরি সে বলে চোর ।  
যার তরে মাখি গায়ে কাদা,  
সেই হয় এসে পথে বাধা !  
ভয় নাই গৃহী । ক'রো না ভয়,  
সুখ আমাদের লক্ষ্য নয় ।  
বিরূপাক্ষ যে মোরা খাতার,  
আমাদের তরে ক্লেশ-পাথার ।  
কাড়ি না তোদের অন্ন-গ্রন্থ স,  
তোমাদের ঘরে হানি না ত্রাস,

## ভাঙার গান

জালিমের মোরা ফেলাই লাশ,  
রাজা-রাজড়ার সর্বনাশ !  
ধর্ম-চিন্তা মোদের নয়,  
আমাদের নাই মৃত্যু-ভয় !  
মৃত্যুকে ভয় করে যারা  
ধর্মধ্বজ হোক তারা ।  
শুধু মানবের শুভ লাগি  
সৈনিক যত ছুখভাগী ।  
ধাম্বিক ! দোষ নিয়ো না তার,  
কোরবানীর<sup>১</sup> সে নয় রোজার<sup>২</sup> !  
তোমাদের তরে মুক্ত দেশ,  
মোদের প্রাপ্য তোদের শ্লেষ ।  
জানি জানি ঐ রণঙ্গন  
হবে যবে মোর মৃত্যু-কাফন<sup>৩</sup>  
ফেলিবে কি ছোট একটি শ্বাস ?  
তিলক হবে কি মুখের গ্রাস ?  
কিছুকাল পরে হাড়ি মোর  
পিষে যাবি ভাই জুতিতে তোর !  
এই যারা আজ ধম্বহীন  
চিনে শুধু খুন আর সঙীন  
তাহাদের মনে পড়িবে কার  
ঘরে পরে যারা খেয়েছে মার ?  
ঘরে বসে নিস স্বর্গ-লোক,  
মেরে মরে—তারে দিস দোজখ<sup>৪</sup> !

<sup>১</sup> কোরবানী—বলী ।    <sup>২</sup> রোজা—উপবাস ।    <sup>৩</sup> মৃত্যু-কাফন—লাশ যেখানে থাকে ।    <sup>৪</sup> দোজখ—নরক ।

ভয়ে-ভীক ওরে ধর্মবীর !  
আমরা হিংস্র চাই রুধির !  
শয়তান মোরা ? আচ্ছা, তাই ।  
আমাদের পথে এসো না ভাই ।  
মোদের রক্ত-রুধির-রথ,  
মোদের জাহান্নমের পথ  
ছেড়ে দাও ভাই জ্ঞান-প্রবীণ,  
আমরা কাকের ধর্মহীন !  
এর চেয়ে বেশী কি দেবে গা'ল ?  
আমরা পিশাচ খুন-মাতাল ।  
চালাও তোমার ধর্ম-রথ,  
মোদের কাঁটার রক্ত-পথ ।  
আমরা বলিব সর্বস্বাই—  
ছঃশাসনের রক্ত চাই !  
ছঃশাসনের রক্ত চাই !!

চাই না ধর্ম, চাই না কাম,  
চাই না মোক্ষ, সব হারাম  
আমাদের কাছে ; শুধু হালাল<sup>১</sup>  
ছঃশমন খুন্ লাল-সে-লাল ॥

<sup>১</sup> হালাল—পবিত্র ।



## ল্যাভেপ্তিশ-বাহিনীর বিজাতীয় সঙ্গীত

কোরাস্ : কে বলে মোদেরে ল্যাভাগ্যাপ্চার ? আমরা সিভিল গাড  
অরাজক এই ভারত-মাঠে হে আমরা উদ্‌মো বঁড় ॥

মোরা লাঙল গোয়াল দড়াদড়ি-ছাড়া,  
বড় সুখে তাই দিই শিং-নাড়া,  
অসহ-যোগীও করিবে না তাড়া রে—

ওরে ভয় নাই, ওরা বৈষ্ণব বাঘ, খাবে না মোদের হাড় ।  
চল ব্যাং-বীর, বল ঠ্যাং নেড়ে জোর, ছেড়েডে ডেডেং হার্ন ।

কোরাস্ : কে বলে ইত্যাদি—

## ভাঙার গান

মোরা গলদ্বন্দ্ব যদিও গলিয়া,

বড় বেজুত্ ক'রেছে লেজুড় ডলিয়া,

তবু গলদ ক'রো না বলদ বলিয়া হে,

মোরা বড় দরকারী সরকারী গরু, তরকারী নহি তাঁর !

তবে গতিক দেখিয়া অধিক না গিয়া সটান পগার পার !

কোরাস্ : কে বলে ইত্যাদি—

আজ্জ গোবরগণেশ গোবরমস্ত

ল্যাঞ্জে ও গোবরে খিঁচেন দস্ত,

তবু করুণার নাহিক অস্ত হে,

যত মামাদের কড়ি ধামা-ধরে দিয়া আমাদেরি ভাঙে ঘাড় !

আর বাবাদেরে বেঁধে ঠ্যাঙাতে মোরাই কেটে দি' বাঁশের ঝাড় ।

কোরাস্ : কে বলে ইত্যাদি—

হ'য়ে ইভিলের গুরু ডেভিল পশুর—

সিভিল-বাহিনী, কি এত কসুর

ক'রেছি মাইরি ? বলতো শশুর হে !

ঐ রাঙামুখে বাবা অন্ন দি' তুলি নিজে খাই জোলো মাড়,

তবু সেলাম ঠুকিতে ম'লাম বাবা গো বক্র মাজা ও ঘাড় !

কোরাস্ : কে বলে ইত্যাদি—

বহে কালাতে ধলাতে গঙ্গা-যমুনা,

আমরা তাহারি দিব্যি নমুনা,

এ-রীতি পিরীতি বুঝিবে কভু না হে,

তাই কালামুখ প্রেমে আলা করি হাঁকি—'তাড়'রে নেটিভ্ তাড়

তবে কোপন-স্বভাব দেখিলে অমনি গোপন খান্ধা-আড় !

কোরাস্ : কে বলে ইত্যাদি—

## ভাঙার গান

এবে কাঁপবে মেদিনী শত উৎপাতে  
চিৎপটাং সে কত 'ফুটপাথে'

হবে আমাদেরি ভীম কোংকাতে হে !

তবে পরোয়া কি দাদা ? ক্যাকড়ার সম নিস্পিস্ নাড় দাড়,  
যদি নিশ্চল হাতে পিস্তল কাঁপে তবু গোঁফে দাও চাড় !

কোরাস্ : কে বলে ইত্যাদি

বাবা ! যদিও এ দেহ ঝুনো ঠনঠন  
তবু লোকে ভাবে ঠুঁটো পল্টন !

আবে ঘোড়া নাই ? বাস্, পায়ে হণ্টন হে !

বাজে করতাল—আজ হবতাল ! ডাকে আত্মা যে খাঁচা ছাড়্ !  
ওরে “ওয়ান্ পেস্ স্টেপ্ ফর ওয়ার্ড্ মাচ’, থুড়ি থুড়ি ব্যাক্ ওয়ার্ড্ !”

## সুপার ( জেলের ) বন্দনা

তোমারি জেলে পালিছ ঠেলে তুমি ধন্য ধন্য হে ।

আমার এ গান তোমারি ধ্যান তুমি ধন্য ধন্য হে ॥

রেখেছ সাত্ত্বী পাহারা দোরে

আঁধার-কক্ষে জামাই আদরে

বেঁধেছ শিকল-প্রণয়-ডোরে ।

তুমি ধন্য ধন্য হে ॥

★ হুগলিজ়েলে কারাকন্ধ থাকা কালীন জ়েলেৰ সৰুলুপ্ৰকাৰ জ়ুলুম আমাদেৰ ওপৰ দি়ে পৰথ ক'ৰে নেওয়া হ়়েছিল । সেই সময় জ়েলেৰ মূৰ্ত্তিমান “জ়ুলুম” বড়-কৰ্ত্তাকে দেখে এই গান গেয়ে আমরা অভিনন্দন কৰতাম ।

## ভাঙার গান

আ-কাঁড়া চালের অন্ন লবণ  
করেছ আমার রসনা-লোভন,  
বুড়ো ডাঁটা ঘাঁটা লাপ্‌সী শোভন  
তুমি ধন্য ধন্য হে ॥

ধর ধর খুড়ো চপেটা মুষ্টি  
খেয়ে গয়া পাবে সোজা স-গুষ্টি  
লও-ছোলা দেহ ধবল-কুষ্টি  
তুমি ধন্য ধন্য হে ॥

## শাহিদী-ঈদ

( ১ )

শহীদের ঈদ এসেছে আজ  
শিরোপরি খুন-লোহিত তাজ  
আল্লার রাহে চাহে সে ভিখ্ঃ  
জিয়ারার চেয়ে পিয়ারা যে  
আল্লার রাহে তাহারে দে,  
চাহি না ফাঁকির মণিমাণিক ।

## ভাঙার গান

( ২ )

চাহিনাক গাভী ছুয়া উট  
কতটুকু দাম ? ও দান বুট ।  
চাই কোরবানী, চাই না দান ।  
রাখিতে ইজ্জত্ ইসলামের  
শির চাই তোর, তোর ছেলের ।  
দেবে কি ? কে আছ মুসলমান ?

( ৩ )

ওরে ফাঁকিবাজ ফেরেব-বাজ  
আপনারে আর দিস্নে লাজ,—  
গরু ঘুস দিয়ে চাস্ সওয়াব ?  
যদিই রে তুই গরুর সাথ  
পায় হয়ে যাস পুলুসেরাত,  
কি দিবি মোহাম্মদে ( দঃ ) জওয়াব ।

( ৪ )

শুধাবেন যবে—ওরে কাফের,  
কি করেছ তুমি ইসলামের ?  
ইসলামে দিয়ে জাহান্নম  
আপনি এসেছ বেহেশ্ ত'পর—  
পুণ্য-পিশাচ ! স্বার্থপর ।  
দেখাস্নে মুখ লাগে শরম !

( ৫ )

গরুরে করিলে সেরাত পার,  
সস্তানে দিলে নরক-নার !  
মায়া-দোষে ছেলে গেল দোছখ ।  
কোরবানী দিলি গরু ছাগল,  
তাদেরই জীবন হল সফল  
পেয়েছে তাহারা বেহেশ্-ত্-লোক !

( ৬ )

শুধু আপনারে বাঁচায় যে,  
মুসলিম নহে, ভণ্ড সে !  
ইসলাম বলে—বাঁচ সবাই !  
দাও কোরবানী জান ও মাল,  
বেহেশ্-ত তোমার কর হালাল ।  
স্বার্থপরের বেহেশ্-ত্- নাই ।

( ৭ )

ইসলামে তুমি দিয়ে কবর  
মুসলিম বলে কর ফখর ।  
মোনাফেক তুমি সেরা বে-দীন !  
ইসলামে যারা করে জবেহ্-,  
তুমি তাহাদেরি হও তাবে !  
তুমি জুতো-বওয়া তারি অধীন !



## ভাঙার গান

( ৮ )

নামাজ রোজার শুধু ভড়ং,  
ইয়া উয়া প'রে সেজেছ সং,  
ত্যাগ নাই তোর একছিদাম !  
কাঁড়ি কাঁড়ি টাকা কর জড়,  
ত্যাগের বেলাতে জড়সড় !  
তোর নামাজের কি আছে দাম ?

( ৯ )

খেয়ে খেয়ে গোশ্‌ত্‌ রুটি তো খুব  
হয়েছ খোদার খাসী বেকুব,  
নিজেদের দাও কোরবানী ।  
বেঁচে যাবে তুমি, বাঁচিবে দীন,  
দাম ইসলাম হবে স্বাধীন,  
গাহিছে কামাল এই গানই !

( ১০ )

বাঁচায়ে আপনা ছেলে মেয়ে  
জাম্মাৎ পানে আছ চেয়ে  
ভাবিছ সেরাত হবেই পার ।  
কেননা, দিয়েছ সাত জনের  
তরে এক গরু ! আর কি, ঢের !  
সাতটি টাকায় গোনাহ্‌ কাবার ।

( ১১ )

জান না কি তুমি, রে বেইমান,  
আল্লা সর্বশক্তিমান  
দেখিছেন তোর সব কিছু ?  
জাব্বাজ্জাব্বা দিয়ে ধোঁকা  
দিবি আল্লারে, ওরে বোকা !  
কেয়ামতে হবে মাথা নীচু !

( ১২ )

ডুবে ইসলাম, আসে অঁাধার !  
ইব্‌রাহিমের মত আবার  
কোরবানী দাও প্রেয় বিভব !  
“জবীহুল্লাহ্” ছেলেরা হোক,  
যাক সব কিছু—সত্য রোক !  
মা হাজেরা হোক মায়েরা সব ।

( ১৩ )

খা'বে দেখেছিলেন ইব্‌রাহিম—  
“দাও কোরবানী মহামহিম !”  
তোরা যে দেখিস্‌ দিবালোকে  
কি যে ছুর্গতি ইসলামের !  
পরীক্ষা নেন খোদা তোদের  
হবিবের সাথে বাজি রেখে ।

## ভাঙার গান

( ১৪ )

যত দিন তোরা নিজেরা মেঘ,  
ভীরু দুর্বল, অধীন দেশ,—  
আল্লার রাহে ততটা দিন  
দিওনাক পশু কোরবানী,  
বিফল হবে রে সব খানি ।  
( তুই ) পশু চেয়ে যে রে অধম হীন !

( ১৫ )

মনের পশুরে কর্ জবাই  
পশুরাও বাঁচে, বাঁচে সবাই ।  
কশাই-এর আবার কোরবানী !—  
আমাদের নয় তাদের ঈদ,  
বীর-স্মৃত যারা হল শহীদ,  
অমর যাদের বীরবাণী ।

( ১৬ )

পশু কোরবানী দিস তখন  
আজাদ মুক্ত হবি যখন  
জুলুম-মুক্ত হবে রে দীন ।—  
কোরবানীর আজ এই যে খুন  
শিখা হয়ে যেন জ্বালে আগুন,  
জালিমের যেন রাখে না চিন্ ॥  
আমিন্ রাব্বিল আলমিন ॥  
আমিন রাব্বিল আ-লমিন











